

প্রস্তুত

রাজ্যের খবর

জাতীয়

আন্তর্জাতিক

খেলাধুলা

স্বাস্থ্য ও সচেতনতা

আরো

ফটো গ্যালারি

ভিডিও

জয়েন্ট এন্ট্রান্স এবং প্রতিযোগিতামূলক পরীক্ষার উপযোগী করে তুলতে ত্রিপুরা সরকারের উপজাতি কল্যাণ দপ্তরের বিশেষ কর্মসূচী

Posted on **October 7, 2015** by **santanu99** —

দেবজিৎ চক্রবর্তী, আগরতলা, ০৭ অক্টোবর ।। মেডিকেল এবং ইঞ্জিনিয়ারিং এর বিভিন্ন কোর্সে ভর্তির জন্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা ২০১৬ এবং চাকরির জন্য বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির লক্ষ্যে উপজাতি কল্যাণ দপ্তর ত্রিপুরা সরকারের আর্থিক সহায়তায় উপজাতি ছাত্রছাত্রীদের জন্য বিনামূল্যে জেলাভিত্তিক কোচিং কর্মসূচী শুরু করবে আগামী নভেম্বরের প্রথম সপ্তাহ থেকে। বৃহস্পতি নির্ধারিত কলেজ সমূহে কোচিং গ্রহণের আবেদন পত্র জমা দিতে প্রার্থীদের ভীড় লক্ষ্য করা গেছে বিকেল ৫টা ৪০ মিনিট পর্যন্ত। রাজ্যের খোয়াই জেলার দেশরথদেব মেমোরিয়াল কলেজ, উত্তর ত্রিপুরা জেলার গভঃ ডিগ্রী কলেজ, ধলাই জেলার গভঃ ডিগ্রী কলেজ, দক্ষিণ ত্রিপুরা জেলার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজ, উনকোটি জেলার রামকৃষ্ণ মহাবিদ্যালয়, গোমতী জেলার নেতাজী সুভাষ মহাবিদ্যালয় এবং পশ্চিম ত্রিপুরার জেলার রামঠাকুর কলেজে পশ্চিম ত্রিপুরা জেলা এবং সিপাহীজলা জেলার প্রার্থীরা আবেদন পত্র জমা দিয়েছে। কোচিং এর জন্য মেধার ভিত্তিতে ছাত্রছাত্রীদের নির্বাচন করা হবে। ত্রিপুরা উপজাতি কল্যাণ দপ্তরের এই কোচিং প্রদানের কর্মসূচী উপলক্ষ্যে ব্যাপক সাড়া লক্ষ্য করা গেছে পশ্চিম ত্রিপুরার জন্য নির্ধারিত রামঠাকুর কলেজে। জানাযায়, পশ্চিম ত্রিপুরার রামঠাকুর কলেজে প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য মোট ৬০ জন প্রার্থী এবং জয়েন্ট এন্ট্রান্স প্রতিযোগিতামূলক পরীক্ষার জন্য মোট ৩৬ জন প্রার্থী আবেদন পত্র জমা দিয়েছে। পশ্চিম ত্রিপুরার রামঠাকুর কলেজে উপজাতি কল্যাণ দপ্তরের এই কর্মসূচীর কোর্স কোঅর্ডিনেটরের দায়িত্ব দেয়া হয়েছে সংশ্লিষ্ট কলেজের রসায়ন বিভাগের



সহকারী অধ্যাপক ড: অরিজিত দাসকে।



This entry was posted in **ত্রিপুরা** by **santanu99**. Bookmark the **permalink** [<http://newsupdateoftripura.com/archives/8191>] .